গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম
ওয়েবসাইট: www.ctgcollege.gov.bd ইমেইল: ctgcollege@yahoo.com

তারিখ: ১৮/০১/২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

এতদ্বারা চট্টগ্রাম কলেজের সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী ও অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৯ ও ২০ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য 'বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৬' সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলো:

১. **বিশেষ চাহিদা সম্পন্ন (শারীরিক প্রতিবন্ধী) শিক্ষার্থীদের অংশগ্রহণ:**

- শারীরিক প্রতিবন্ধী ছাত্র ও ছাত্রীদের জন্য বিশেষ ক্রীড়া ইভেন্টের ব্যবস্থা রাখা হয়েছে (ছেলেদের জন্য ১টি এবং মেয়েদের জন্য ১টি ইভেন্ট)।
- এই ইভেন্টে অংশগ্রহণের জন্য আগে থেকে নাম জমা দেওয়ার প্রয়োজন নেই।
- অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের আগামী ২০ জানুয়ারি ২০২৬ (মঙ্গলবার), প্রতিযোগিতার ফাইনাল দিবসে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে খেলার মাঠে উপস্থিত থাকতে হবে।
- শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য উপযোগী কোন ইভেন্টে তাদের অংশগ্রহণ করতে হবে।

২. বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৬-এর শুধুমাত্র 'চ্যাম্পিয়ন' (ছাত্র ও ছাত্রী) পুরস্কার প্রদান করা হবে।

৩. **যেমন খুশি তেমন সাজ' প্রতিযোগিতা সংক্রান্ত নীতিমালা:** এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের জন্য নিম্নলিখিত নিয়মাবলী কঠোরভাবে অনুসরণীয়:

- অংশগ্রহণকারীরা ফাইনাল দিবসের সকল নির্ধারিত ইভেন্ট শেষ হওয়ার পর মাঠে প্রবেশ করবে।
- সাজসজ্জার ক্ষেত্রে কোনো জাতি, গোষ্ঠী, ধর্ম, বর্ণ কিংবা রাজনীতিকে কটাক্ষ বা ব্যঙ্গ করা যাবে না।
- সামাজিকভাবে অসম্মানজনক কোনো পেশা (যেমনঃ ভিক্ষুক) প্রদর্শন বা সাজ হিসেবে গ্রহণ করা যাবে না।

উক্ত প্রতিযোগিতাসমূহ সফলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

**স্বা:/-**
**(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)**
আইডি নম্বর: ০০৮৫২৮
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

**অনুলিপি:**

১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
২। আহ্বায়ক, জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উদযাপন কমিটি, চট্টগ্রাম কলেজ।
৩। সম্পাদক শিক্ষক পরিষদ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
৪। অনলাইন কপি।
৫। অফিস নথি।

১৮.০১.২০২৬

**(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)**
আইডি নম্বর: ০০৮৫২৮
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম